গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

ইনোভেটর ও মেন্টরের কাজের মূল্যায়ন ও সম্মাননা প্রদান সংক্রান্তে ইনোভেশন টিমের বিশেষ সভার কার্যবিবরণী:

সভাপতি : মোঃ এরশাদ-উর-রশীদ
পরিচালক(দাঃ বিঃ ও ঋণ) এবং ইনোভেশন অফিসার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

স্থান : পরিচালকের অফিস কক্ষ ।

তারিখ ও সময় : ৫ জুলাই ২০১৮ ; বেলা ০৩.৩০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হয়েছে ।

সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । তিনি সভাকে অবহিত করেন যে, চলতি বছরের কর্মপরিকল্পনায় ইনোভেশনের সফলতার জন্য পুরস্কার প্রদানের বিষয় উল্লেখ রয়েছে । তাছাড়া মন্ত্রিপরিষদে অনুষ্ঠিত একাধিক সভায় ইনোভেটরদের স্বীকৃতি/সম্মাননা প্রদানের বিষয়ে গুরুত্বারোপ করা হয়েছে। এরই ধারাবাহিকতায় অধিদপ্তরের ইনোভেটর ও মেন্টরদের সম্মাননা প্রদানের লক্ষে একটি নীতিও প্রণীত হয়েছে। কিন্তু প্রণীত নীতি অনুসরন করে এ বছর সম্মাননা প্রদান সম্ভব হবে না । কেননা নীতি মাফিক প্রার্থী নির্বাচন করা সময় স্বাপেক্ষ কাজ। কাজেই চলতিবছরে টিমের কাছে রক্ষিত রেকর্ড পত্রের ভিত্তিতে সম্মাননা প্রদান করা যায় কিনা সে বিষয়ে ভেবে দেখার অনুরোধ জানালে তাতে সকলে সম্মতি প্রদান করেন। সভায় আলোচনা/সকলের সম্মতিতে সভার করণীয় নিম্নভাবে নির্ধারণ করা হয় ।

ক. সম্মাননা/স্বীকৃতি হিসাবে কি প্রদান করা হবে তা নির্ধারণ ;
খ. কারা সম্মাননা/স্বীকৃতি পাবেন তা নির্ধারণ ;
গ. এ উপলক্ষ্যে কয়েক ঘন্টার একটি কর্মসূচী প্রণয়ন এবং
ঘ. অতিথি নির্ধারণ ইত্যাদি ।

২। এ পর্যায়ে সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব সহকারী পরিচালক জনাব সালেহ্ উদ্দিন আহমেদ ১ম ফেইজের ইনোভেটর সম্মাননা প্রদান সংক্রান্তে ১৩ জনের একটি তালিকা পেশ করেন যারা ইনোভেশন শো-কেসিং এ অংশগ্রহণ সহ বিভিন্নভাবে পুরস্কৃত হয়েছেন। সভ্যগণ উপস্থাপিত তালিকার সাথে একমত পোষন করেন । সভায় আলোচিত হয় যে, নির্বাচিত ১৩ জনকেই সনদ এবং ক্রেষ্ট প্রদান করা উচিত হবে।

৩। জনাব মোঃ হামিদুর রহমান, উপপরিচালক (দাঃবিঃওঋণ) কিছু ক্রেস্টের নমুনার ছবি এবং খামসহ সনদপত্রের খসড়া নমুনা সভায় বিবেচনার জন্য উপস্থাপন করেন। উপস্থাপিত বিষয়ে আলোচনা ও পর্যালোচনান্তে ১ম ফেইজের নিম্নবর্নিত ইনোভেটর ও মেন্টরগণকে সম্মাননা প্রদানের বিষয়ে সকল সদস্য একমত প্রকাশ করেন এবং যাচাই-বাছাই করে একটি নমুনা ক্রেস্ট ও একটি খামসহ সনদপত্রের নমুনা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

সম্মাননা/স্বীকৃতির জন্য নির্বাচিত ইনোভেটরদের তালিকা

নং	কর্মকর্তার নাম ও পদবী	ইনোভেশন আইডিয়ার নাম	বাস্তবায়ন এলাকা	বাস্তবায়ন কাল	কর্মস্থল
০১	জনাব ফেরদৌসি বেগম উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	যুব ঋণ বিতরণ সহজীকরণের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি	বন্দর, নারায়নগঞ্জ	পাইলটিং (৬ মাস) ২০১৪-২০১৫ চলমান	সদর, নারায়নগঞ্জ
০২	জনাব মোঃ কামরুজ্জামান উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	যুব প্রশিক্ষণ অধিকতর বাস্তব উপযোগী করে আত্মকর্মী সৃজন	ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও	পাইলটিং (৬ মাস) ২০১৪-২০১৫ চলমান	রানীশংকৈল, ঠাকুরগাঁও
০৩	জনাব প্রিন্স বাহউদ্দিন তালুকদার উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	যুব প্রশিক্ষণ অধিকতর বাস্তব উপযোগী করে আত্মকর্মী সৃজন	খালিশপুর ইউনিট, খুলনা	পাইলটিং (৬ মাস) ২০১৪-২০১৫ চলমান	খালিশপুর ইউনিট, খুলনা
০৪	জনাব নাসরিন জাহান উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	যুব প্রশিক্ষণ অধিকতর বাস্তব উপযোগী করে আত্মকর্মী সৃজন	চিরিরবন্দর, দিনাজপুর	পাইলটিং (৬ মাস) ২০১৪-২০১৫ চলমান	বিরল, দিনাজপুর
০৫	জনাব প্রশান্ত কুমার দে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	যুবসংগঠন তালিকাভুক্তি/ নিবন্ধন সহজীকরণ (অনলাইন) এবং সংগঠনের সদস্য কর্তৃক আত্মকর্মসংস্থান সৃজন	মাগুরা সদর, মাগুরা	পাইলটিং (৬ মাস) ২০১৪-২০১৫ চলমান	মোহাম্মদপুর, মাগুরা
০৬	জনাব মোঃ মঞ্জুর আলম উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	যুব প্রশিক্ষণ অধিকতর বাস্তব উপযোগী করে আত্মকর্মী সৃজন	নাগেশ্বরী, কুড়িগ্রাম	পাইলটিং (৩ মাস) ২০১৪-২০১৫ চলমান	নাগেশ্বরী, কুড়িগ্রাম

০৭	জনাব শাকিলা খাতুন উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	যুব ঋণ বিতরণ সহজীকরণের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি	হাটহাজারী, চট্টগ্রাম	পাইলটিং (৬ মাস) ২০১৪-২০১৫ চলমান	হাটহাজারী, চট্টগ্রাম
০৮	জনাব নার্গিস আরা বেগম উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	যুব ঋণ বিতরণ সহজীকরণের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি	নোয়াখালি সদর, নোয়াখালী	পাইলটিং (৬ মাস) ২০১৪-২০১৫ চলমান	নোয়াখালি সদর, নোয়াখালী
০৯	জনাব এন.এম ইয়াসিনুল হাবিব তালুকদার উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	যুব ঋণ বিতরণ সহজীকরণের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি	সোনারগাঁও, নারায়নগঞ্জ	পাইলটিং (৬ মাস) ২০১৪-২০১৫ চলমান	বন্দর, নারায়নগঞ্জ
১০	জনাব মোঃ আবু বকর মোল্লা উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	বেকারমুক্ত গ্রাম সৃজন	রূপসা, খুলনা	পাইলটিং (১২ মাস) ২০১৪-২০১৫ চলমান	রূপসা, খুলনা
১১	জনাব মোঃ আব্দুল হালিম উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	বেকারমুক্ত গ্রাম সৃজন	কুমারখালী, কুষ্টিয়া	পাইলটিং (২ মাস) ২০১৪-২০১৫ চলমান	কুমারখালী, কুষ্টিয়া
১২	জনাব মোঃ পারভেজ মোল্যা উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	ডিজিটাল পদ্ধতিতে বেকার যুবদের প্রশিক্ষণের আবেদন ও যুব ঋণ প্রাপ্তিতে প্রাথমিক আবেদন প্রক্রিয়াকরণ	মনিরামপুর, যশোর	পাইলটিং (৮ মাস) ২০১৪-২০১৫ চলমান	মনিরামপুর, যশোর
১৩	জনাব মোঃ নাজিম উদ্দিন উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	যুবসংগঠন তালিকাভুক্তি/ নিবন্ধন সহজীকরণ (অনলাইন) এবং সংগঠনের সদস্যদের কর্তৃক আত্মকর্মসংস্থান সৃজন	যশোর সদর, যশোর	পাইলটিং (৬ মাস) ২০১৪-২০১৫ চলমান	চৌগাছা, যশোর

৪। সভাপতি অধিদপ্তরের ইনোভেশন টিমের ২০১৮-২০১৯ অর্থবছরের কর্মপরিকল্পনার আওতায় গৃহীত কার্যক্রম সুষ্ঠভাবে নির্ধারিত সময়ের মধ্যে শুরু এবং শেষ করা আবশ্যক বলে মন্তব্য করেন। প্রতিটি কাজ/ইনোভেটরের জন্য নির্ধারিত সদস্য/মেন্টর মেন্টিগণের সাথে অবিরাম যোগাযোগ রেখে গৃহীত প্রকল্প সম্পন্ন করা না গেলে সন্মাননা নীতি-২০১৮ অনুসরনপূর্বক ২০১৮-২০১৯ অর্থবছরে মেন্টি/ইনোভেটরগণকে সন্মাননার আওতায় আনা কষ্টসাধ্য হবে বলে সকলকে সচেতন করেন। কাজেই বছরের শুরু থেকে সকল সদস্যকে আন্তরিকভাবে নিজ-নিজ দায়িত্ব পালনে সচেষ্ট থাকার অনুরোধ জানান।

৫। অদ্যকার সভায় আলোচিত ও অনুমোদিত সকল বিষয় মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে পরবর্তী ব্যবস্থা নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

১০/০৭/১৮

(মোঃ এরশাদ-উর-রশীদ)
পরিচালক(দাঃ বিঃ ও ঋণ)
এবং
ইনোভেশন অফিসার
ফোনঃ ৯৫৬১৩৫৩
e-mail: dirpa@dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৮.৩১.০৩৩.১৬-৪৫ তারিখঃ১০/০৭/২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

০১। যুগ্ম-সচিব (প্রশাসন) ও চীফ ইনোভেশন অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। পরিচালক(প্রশাসন ও অর্থ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৩। জনাব-- সদস্য, ইনোভেশন টিম, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৫। সংশ্লিষ্ট নথি।

১০/০৭/২০১৮

(সালেহ্ উদ্দিন আহমেদ)
সহকারী পরিচালক (আইসিটি)
ও
সদস্য সচিব, ইনোভেশন টিম
ফোনঃ ৯৫৮৬৮৯৮
e-mail: adict@dyd.gov.bd

পরিশিষ্ট "ক"

০৫/০৭/২০১৮ তারিখ বেলা ০৩.৩০ ঘটিকায় অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের তালিকাঃ

ক্রমিক নং	নাম ও পদবী	স্বাক্ষর
১	জনাব মাসুদা আকন্দ, উপপরিচালক(প্রশিক্ষণ)	স্বাক্ষরিত
২	জনাব এ কে এম মফিজুল ইসলাম, উপপরিচালক(পরিকল্পনা)	স্বাক্ষরিত
৩	জনাব সৈয়দ আব্দুল কাইয়ূম, উপপরিচালক(পরিকল্পনা)	স্বাক্ষরিত
৪	জনাব মোঃ আতিকুর রহমান, উপপরিচালক (বাস্তবায়ন)	স্বাক্ষরিত
৫	জনাব মোঃ শাহীনূর রহমান, সহকারী পরিচালক (দাঃ বিঃ ও ঋণ)	স্বাক্ষরিত
৬	জনাব মোঃ হামিদুর রহমান, উপপরিচালক (দাঃবিঃওঋণ)	স্বাক্ষরিত
৭	জনাব ফরহাত নূর, উপপরিচালক (বাস্তবায়ন)	স্বাক্ষরিত
৮	মোঃ ফজলুল হক, সহকারী পরিচালক	স্বাক্ষরিত
৯	মোঃ আতাউর রহমান, সহকারী পরিচালক(শৃংখলা)	স্বাক্ষরিত
১০	জনাব সালেহ্ উদ্দিন আহমেদ, সহকারী পরিচালক (আইসিটি)	স্বাক্ষরিত
১১	জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন, উপপরিচালক (পরিকল্পনা)	স্বাক্ষরিত